100Rs.




Stamped under the Indian Stamp Act, 1899 as amended by Act III of 1922 and Section of the Calcutta Improvement Act, 1911 Schedule.

I.A. No 23

Stamp Duty Paid under the Indian Stamp Act, 1899 Rs 276.5

120.0

396.0

District Sub-Registrar, Alipore, 24-Parganas

# -: দান পত্র দলিল :-

দানপত্র গ্রহিতা :-

শ্রীমতী গীতা চৌধুরী,
স্বামী - শ্রী নারায়ণ চৌধুরী ,
জাতি - হিন্দু , পেশা - গৃহস্থালী ,
সাং - সি , ৬৩ নং বাঘাযতীন কলোনী ,
থানা - যাদবপুর , কলিকাতা - ।।

দানপত্র দাতা :-

শ্রী নারায়ণ চৌধুরী ,
পিতা - বীরেন্দ্র নাথ চৌধুরী ,
জাতি - হিন্দু , পেশা - ব্যবসা
সাং - সি, ৬৩ নং বাঘাযতীন কলোনী ,
থানা - যাদবপুর , কলিকাতা - ।।

কস্য দান পত্র দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

100Rs.






জেলা ২৪ পরগণা ( দক্ষিণ ), থানা সাবেক সদর টালিগঞ্জ হাল কসবা , সাব রেজিষ্ট্রী আলিপুর , পরগণা মেদন মল্ল , রেঃ সাঃ নং ১৪৮ , জেঃ এলঃ ২৬ , মৌজা চকগড়িয়া মধ্যে অত্র জেলা কালেকটারীর মহাল ২৬০ নং তৌজি ভুক্ত যাহা বর্ত্তমানে ক্যালকাটা মিউনিসিপ্যাল কর্পোরেশানের অধীন গত জেলা জরীপের ৮৮ ও ৮৯ নং খতিয়ান ভুক্ত $\frac{১৩০}{১৬২}$ নং দাগে মোট ১.৩৫ শতক জমি কাত্ বার্ষিক খাজনা ৯, টাকা করের জমি জমার জনৈক রামদাস মন্ডল ষোল আনা স্বত্বে স্বত্ববান ও মালিক দখলকার থাকেন ।

তৎপর উক্ত রামদাস মন্ডল স্বরলোক গমন করিলে তৎত্যাক্ত সম্পত্তি তদীয় তিন পুত্র যথাক্রমে সুরেন্দ্র নাথ মন্ডল , দেবেন্দ্র নাথ মন্ডল ও নরেন্দ্র নাথ মন্ডল গণ তাহা তুল্যাংশে পিতার ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হয়েন ।

100 Rs.

INDIA NON JUDICIAL

१०० रु.   Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये   ONE HUNDRED RUPEES

(৩)

অত:পর উক্ত সুরেন্দ্র নাথ মন্ডল তাহার একমাত্র যতীন্দ্র নাথ মন্ডলকে তাহার কেবলমাত্র ওয়ারিশ রাখিয়া অপর কোন ওয়ারিশ না রাখিয়া কোন উইলাদী না করিয়া পরলোক গমন করিলে উক্ত যতীন্দ্র নাথ মন্ডল উক্ত সম্পত্তির ১/৩ অংশ তাহার পিতার ওয়ারেশ সূত্রে প্রাপ্ত হইয়া তাহাতে মালিক দখলকার হয়েন ।

অত:পর উপরোক্ত দেবেন্দ্র নাথ মন্ডল , নরেন্দ্র নাথ মন্ডল ও যতীন্দ্র নাথ মন্ডল উক্ত সম্পত্তির প্রত্যেকে [illegible] পাঁচ আনা ছয় গন্ডা দুই কড়া দুই ত্রান্তি অংশে সকলে এজমালে ভোগ দখল করিতে থাকাকালে জনৈক যতীন্দ্র নাথ নস্কর গত ইংরাজী ৬।১১।৬১ তারিখে মোকাম আলিপুর সাব রেজিষ্ট্রী অফিসের রেজিষ্ট্রী কৃত ১ নং বহির ১৫২ নং ভল্যুমের ১৪২ - ১৪৪ নং পাতায় লেখা ৮৬৩৯ নং একোতা কোবালার দ্বারা -

[illegible] .১২ শতক বিক্রয় বাদে বক্রি জমি হইতে কমবেশ [illegible]

60 Rs.

साठ रुपया

भारत

INDIA

৬০রু.

60Rs

SIXTY RUPEES



উপরোক্ত চক্‌গড়িয়া মৌজার সাবেক ৮৮ ও ৮৯ নং খতিয়ান ভুক্ত $\frac{১৩০}{১৬২}$ নং দাগের ১.০৫ শতক জমির $\frac{১}{৩}$ অংশে .৪৫ শতক জমি উপরোক্ত শ্রী নরেন্দ্র নাথ মন্ডলের নিকট হইতে খরিদ করিয়া তাহাতে মালিক দখলকার থাকেন ।

তৎপর বিগত ইংরাজী ১৯।৬।৬২ তারিখে মোকাম আলিপুর সাব রেজিষ্ট্রী অফিসের রেজিষ্টী কৃত এককেতা কোবালা দলিল দ্বারা উপরোক্ত যতীন্দ্র নাথ মন্ডলের নিকট হইতে উক্ত দাগ মধ্যে তাহার রকম $\frac{১}{৩}$ অংশ অর্থাৎ .৪৫ শতক জমি খরিদ করিয়া খাসে স্বত্ত্ববান ও মালিক দখলকার থাকেন , এমতপ্রকারে উক্ত যতীন্দ্র নাথ নস্কর উপরোক্ত দুইটি কোবালা দ্বারা উক্ত $\frac{১৩০}{১৬২}$ নং দাগের ১.০৫ শতক জমির $\frac{২}{৩}$ অংশ কমবেশ .৯০ শতক জমি খরিদ করিয়া তাহাতে ভোগবান ও দখলিকার থাকাকালে , তাহার নগদ টাকার বিশেষ দরকারে তাহার খরিদা ৯০ শতক জমি বিক্রয় করিলে আমি অত্র -

সাড়ে

30 Rs.

तीस रुपये

सत्यमेव जयते

भारत

INDIA

३० रु. THIRTY RUPEES 30Rs.



দানপত্র দাতা বিগত ইংরাজী ১৯৬২ সালে মোকাম আলিপুর সাব রেজিষ্ট্রী অফিসের রেজিষ্ট্রী কৃত ১ নং বহির ১০৮ নং ভল্যুমের ৫৮ - ৬২ নং পাতায় লেখা ৫৭১৮ নং এককেতা কোবালার দ্বারা উহা উচিৎ মূল্যে খরিদ করিয়া নিজ নামে উহার খাজনা ও করাদী আদায় দিয়া খাসে ভোগবান ও দখলিকার থাকি ও আছি । তৎপর উক্ত জমি হইতে কমবেশ ১২ শতক জমি বিক্রয় বাদে অবশিষ্ট .৭৮ শতক জমি আমার খাস দখলে আছে ।

এক্ষনে অত্র দান পত্র গ্রহিতা তুমি আমার সহ ধর্ম্মিনী হইতেছ । তোমার সেবা যত্নে আচার আচারনে ও সুমধুর ব্যবহারে আমি যার পরনাই খুশি হইয়াছি । তোমার সহিত আমার মধুর সম্পর্ক রহিয়াছে , এবং আমি যত দিন জীবীত থাকিব ততদিন তোমার নিকট হইতে এই রুপ ব্যবহার পাইব সে ভরসা আমার আছে । তোমার ভবিষ্যত জীবণ যাহাতে সুখের হয় , তজ্জন্য তোমাকে আমার নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি দান -

3Rs50P

INDIA

तीन रुपये पचास पैसे

सत्यमेव जयते

THREE RUPEES भारत FIFTY PAISE



করিবার ইচ্ছা প্রকাশ করিলে তুমি উক্ত দান সানন্দে গ্রহণ করিবার ইচ্ছা প্রকাশ করিলে আমি নিজ খরচায় তোমার বরাবর এই দান পত্র দলিল খানি প্রস্তুত করিয়া তাহাতে সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিয়া এতদ্দ্বারা স্বীকার, অঙ্গিকার প্রকাশ ও প্রচার করিতেছি যে :-

তুমি অদ্য হইতে উক্ত দানকৃত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববতী ও মালিক দখল কারিণী হইয়া উহার খাজনা ও করাদী তোমার স্বনামে আদায় দিয়া উহা যদৃচ্ছা সহ কারে দান, বিক্রয়, বন্ধক, হস্তান্তর রূপান্তর ও অবস্থান্তর করিবার অবাধ ক্ষমতা যুক্তে পুত্র পৌত্র মায় ওয়ারিশান গণক্রমে পরম সুখে ও নির্ব্বিবাদে খাসে ভোগ ব্যবহার করিতে থাক ও থাকিবে। তাহাতে আমি অথবা আমার কোন ওয়ারিশান গণ কখন কোন প্রকার ওজরাপত্তি করিতে পারিবে না বা পারিবেক না। করিলেও তাহা -

3Rs50P

INDIA

तीन रुपये पचास पैसे

सत्यमेव जयते

THREE RUPEES भारत FIFTY PAISE



এই দান পত্র দলিল দ্বারা সর্ব্বত্র ও সর্ব্বাদালতে বাতিল ও নামঞ্জুর বলিয়া গণ্য হইবে ।

উক্ত সম্পত্তি আমি ইতি পূর্ব্বে কাহাকেও দান , বিক্রয় , বন্ধক , হস্তান্তর কিছুই করি নাই , বা করা নাই , উহাতে কোন মামলা মোকর্দ্দমা চলতী বা মূলতুবী নাই , উহা কোন দেবত্তর বা ব্রহ্মত্তর সম্পত্তি নহে , উহা সরকার বাহাদুর কর্ত্তৃককোন প্রকার রিকুইজিশান বা এ্যাকুইজিশান হয় নাই , বা ঐ মত হইবার জন্য আজ পর্য্যন্ত কোন নোটিশাদী পাই নাই । উহা সম্পূর্ণ নির্দ্দায় নির্দ্দোষ থাকা অবস্থায় তোমায় দান করিলাম এবং উহা হইতে চির নিঃস্বত্ত্ব হইলাম । তোমায় অদ্যই খোলসা দখল দিলাম ।

অত্র দান পত্র দলিলে যদি কোন ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায় তবে যথা সময়ে তোমার অনুকূলে উক্ত ভুল ভ্রান্তির সংশোধন দলিল করিয়া দিতে স্বীকৃত রহিলাম । -

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে আপন খুশিতে অন্যের বিনা নুরোধে অত্র দলিল খানি পাঠ করিয়া উহার মর্ম্ম সম্যক অবগত হইয়া অত্র দলিল খানি সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলাম। ইতি তাং ইংরাজী ১৯৮৭ সালের - ৬ই জানুয়ারী মোতাবেক বাংলা - ১৩৯৩ সালের - ২২শে পৌষ,

-: দানকৃত তপশীল সম্পত্তির পরিচয় :-

জেলা দ: ২৪ পরগণা, থানা সাবেক সদর টালিগঞ্জ, হাল কসবা, সাব রেজিষ্ট্রী আলিপুর অধুনা শিবাদহ পরগণে মেদনমল্ল, অত্র জেলা কালেক্টারীর মহাল ২৬০ নং তৌজি ভুক্ত জে: এল: নং ২৬, রে: সা: নং ১৪৮, মৌজা চক্‌গড়িয়া গ্রামে যাহা বর্ত্তমানে কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের অধিন গত জেলা জরীপের ৮৮ ও ৮৯ নং খতিয়ান ভুক্ত $\frac{১৩০}{১৬২}$ নং দাগের ১.০৫ শতক জমির কাত্‌ বার্ষিক ৯, টাকা করের জমি জমার বর্ত্তমান মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে ২৪ পরগণা কালেক্‌টার বাহাদুর হাল রিভিশন্যাল জরীপের ৮৩ ও ৮৪ নং খতিয়ান হাল ১১২ একশত বার দাগে উক্ত সম্পত্তি লিপিবদ্ধ হইয়াছে।

-: উহার মৌজা চক্‌গড়িয়া :-

| খতিয়ান :- | দাগ :- | শ্রেনী :- | পরিমান :- |
|---|---|---|---|
| সাবেক ৮৮ ও ৮৯ | সাবেক $\frac{১৩০}{১৬২}$ একশত ত্রিশ বাটা একশত বাষট্টি | শালী | ১.০৫ |
| হাল ৮৩ ও ৮৪ | হাল ১১২ একশত বার | | |

মধ্যে ।।৯/১০. অংশে কমবেশ ৯০ শতক জমি আমার খরিদা সম্পত্তি বটে। উক্ত সম্পত্তি হইতে ইতিপূর্ব্বে .১২ শতক বিক্রয় বাদে বক্রি জমি হইতে কমবেশ ১২ $\frac{১}{২}$ সাড়ে

বার শতক শালী জমি অত্র দলিলের দানকৃত সম্পত্তি বটে , উহার সরাহারী খাজনা ৭০ পয়সা মাত্র । দানকৃত সম্পত্তির আনুমানিক মূল্য - ৬, ০০০ টাকা ।

-: উহার - চৌহদ্দি :-

উত্তর :- অন্য লোকের অধিকার জমি,

দক্ষিণ :- নিজস্ব - ৩' ফুট প্রশস্ত কমন প্যাসেজের ও রেওয়া সহ মোট ১০' ফুট চওড়া কমন প্যাসেজ

পূর্ব্ব :- অত্র দানপত্র মূলে মালিক শ্রী সঞ্জয় চৌধুরী

পশ্চিম :- শ্রী নাথ, মোহন ঘোষ ।

তোমার দান আমি সানন্দে গ্রহণ করিলাম ।

শ্রীমতি গীতা চৌধুরী

ইসাদী :-

মুসাবিদা কারক :-

Hara Prasad Banerjee
Deed writer Alipur
L.No A-L.P.I 66/66

১। শ্রী হিঃ দাস সামন্ত
সাং আলিপুর, কলিকাতা ২৭

টাইপ কারক :-

স্নেহ সমাদ্দার

স্নেহ সমাদ্দার ,

আলিপুর , কলিকাতা - ২৭ ।

২। সুনীল দাস
আলিপুর - কলি - ২৭ ।